



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৫ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়ির ৫ উপজেলায় ইউপিডিএফের আধাবেলা সড়ক অবরোধ সফলভাবে পালিত

খাগড়াছড়ির মানিকছড়িতে সেটলার কর্তৃক ইউপিডিএফ সদস্য হুচিং মং মারমা (উষা)-কে হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে খাগড়াছড়ির ৫ উপজেলায় (মানিকছড়ি, রামগড়, গুইমারা, মাটিরাঙ্গা ও লক্ষীছড়ি) ইউপিডিএফের ডাকা আধাবেলা সড়ক অবরোধ কর্মসূচি সফল ও শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে।

আজ বুধবার (৫ এপ্রিল ২০২৩) সকাল সাড়ে ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই অবরোধ কর্মসূচি পালিত হয়। অবরোধ চলাকালে কোথাও কোন অশ্রীতিকর ঘটনা ঘটেনি।

অবরোধ সফল করতে পিকেটাররা সকাল সাড়ে ৫টা থেকে খাগড়াছড়ি-চট্টগ্রাম ও খাগড়াছড়ি ঢাকা সড়কসহ উপজেলাগুলোর বিভিন্ন স্থানে অবস্থান নেয়।

অবরোধের কারণে খাগড়াছড়ি ঢাকা ও খাগড়াছড়ি-চট্টগ্রামকে দূরপাল্লা সকল যানবাহন চলাচল বন্ধ ছিল। উপজেলাগুলোতেও দূরপাল্লার ও অভ্যন্তরীণ সড়কে যান চলাচল করেনি।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা এক বিবৃতিতে আধাবেলা সড়ক অবরোধ কর্মসূচি সফল করার জন্য জেলার সকল যানবাহন মালিক সমিতি, শ্রমিক সংগঠনসহ সর্বস্তরের জনসাধারণের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

তিনি বলেন, হুচিং মং মারমা (উষা)-কে যেভাবে নির্যাতন চালিয়ে হত্যা করা হয়েছে তা মধ্যযুগীয় নৃশংসতাকেও হার মানিয়েছে। এমন নৃশংস ঘটনার বিরুদ্ধে রুখে দাঁড়ানো সকলের নৈতিক দায়িত্ব। ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা আর না ঘটে সেজন্য তিনি সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান।

ইউপিডিএফ নেতা অবিলম্বে হুচিং মং মারমাকে হত্যার সাথে জড়িতদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

উল্লেখ্য, গত রবিবার মানিকছড়ির যোগ্যছোলা ইউনিয়নের স্কুলপাড়া এলাকায় সাংগঠনিক কাজে গেলে সেটলার বাঙালিরা ইউপিডিএফ সদস্য হুচিং মং মারমাকে ধরে অমানুষিকভাবে মারধর করে পুলিশের হাতে তুলে দেয়। পরে পুলিশী হেফাজতে তাকে খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হলে সেখানে তিনি মারা যান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।